# সরকারের বিরুদ্ধে সমালোচনা করলেই গ্রেপ্তার করা হচ্ছে: পাটোয়ারী



নাসিরুদ্দিন পাটোয়ারী। ছবি: সংগৃহীত

জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) আহ্বায়ক নাসীরুদ্দীন পাটওয়ারী অভিযোগ করেছেন, সরকার সমালোচকদের গ্রেপ্তারের জন্য ‘র‍্যাব থেকে এসআরবি’ নামে নতুন একটি বাহিনী গঠন করেছে। একই সঙ্গে গুম আইনও পাস করা হয়েছে বলে দাবি করেন তিনি।

সোমবার (২১ সেপ্টেম্বর) সন্ধ্যায় রাজধানীর বাংলামোটরে এনসিপির অস্থায়ী কেন্দ্রীয় কার্যালয়ে জ্বালানি তেলের দাম বাড়ানোর প্রতিবাদে আয়োজিত বিক্ষোভ সমাবেশে এসব কথা বলেন নাসীরুদ্দীন পাটওয়ারী।

তিনি বলেন, গত কয়েক মাসে সরকারের কর্মকাণ্ডে জনগণের ভোগান্তি বেড়েছে। তারেক রহমানের সরকারের আর ক্ষমতায় থাকার অধিকার নেই বলেও মন্তব্য করেন তিনি। পাঠাও-উবার চালক ও বাসচালকদের সঙ্গে নিয়ে আন্দোলনের কথা জানিয়ে সরকারকে ক্ষমতা ছেড়ে দেওয়ার আহ্বান জানান নাসীরুদ্দীন।

নাসীরুদ্দীন পাটওয়ারী আরও বলেন, যে কারণে দেশের মানুষ শেখ হাসিনা সরকারকে বিদায় করেছিল, তারেক রহমানও একই ধরনের ভুল করছেন। গ্রামের মানুষ ফোন করে অসহায়ত্বের কথা জানাচ্ছেন বলেও উল্লেখ করেন তিনি। বিদ্যুৎ সংকটের কারণে দেশের মানুষ ও অর্থনীতি ক্ষতিগ্রস্ত হচ্ছে বলে অভিযোগ করেন এনসিপির এই নেতা।

জ্বালানি তেলের দাম বাড়ানোর সরকারি ব্যাখ্যারও সমালোচনা করেন নাসীরুদ্দীন।পাচার বন্ধের কথা বলে তেলের দাম বাড়ানোর যুক্তি দেওয়া হচ্ছে। মন্ত্রীদের এমন বক্তব্যকে তিনি লজ্জাজনক বলে মন্তব্য করেন।

LENS ASIA